গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৬৫৫

তারিখ: ১১ মে, ২০২০ খ্রিস্টাব্দ
২৮ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়: দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিত করণ

দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য সকল মন্ত্রণালয় ও অধিনস্থ দপ্তর/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যবিধি পালন নিশ্চিতকরণের নিমিত্ত সংযুক্ত স্বাস্থ্য বিধি বাস্তবায়নের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

সংযুক্ত বর্ণনামতে,

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopme.gov.bd

নং-৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬-৪২২

তারিখঃ ২৯ বৈশাখ ১৪২৭ / ১২ মে ২০২০

সেবা বিভাগের পত্রের সাথে সংযুক্ত স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা পালনে নিশ্চিতকরণের নিমিত্ত পত্রের অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

মাহবুবুর রশীদ
১২/০৫/২০২০
(ড. মোঃ মাহবুবুর রশীদ)
উপসচিব
ফোনঃ ৯৫১৪০৯১

নং-৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬-৪২২

তারিখঃ ২৯ বৈশাখ ১৪২৭ / ১২ মে ২০২০

সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৬. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর-২, ঢাকা।
৭. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৮. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১২. সিস্টেম এনালিস্ট/সিনিয়র সহকারী সচিব/প্রোগ্রামার/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহাকারী সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা/লাইব্রেরিয়ান/পরিশংখ্যান কর্মকর্তা/জনসংযোগ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা/সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা/ক্যাশিয়ার/কর্মচারী (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. প্রশাসনিক কর্মকর্তা, প্রসাশন-২ অধিশাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪. অফিস কপি।

মাহবুবুর রশীদ
১২/০৫/২০২০
(ড. মোঃ মাহবুবুর রশীদ)
উপসচিব

স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা:

(১) প্রয়োজনীয় সংখ্যক জীবানুমুক্তকরণ ট্যানেল স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

(২) অফিস চালু করার পূর্বে অবশ্যই প্রতিটি অফিস কক্ষ/আঙ্গিনা/রাস্তাঘাট জীবানুমুক্ত করতে হবে।

(৩) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে প্রবেশ পথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের শরীরে তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করাতে হবে।

(৪) অফিস পরিবহনসমূহ অবশ্যই শতভাগ জীবানুনাশক দিয়ে জীবাণুমুক্ত করতে হবে। যানবাহনে বসার সময় পারস্পারিক ন্যূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন পরত (স্তর) বিশিষ্ট কাপড়ের মাস্ক, যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে।

(৫) সার্জিক্যাল মাস্ক শুধু একবার (One time) হিসাবে ব্যবহার করা যাবে। কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিস্কার করে পুণরায় ব্যবহার করা যাবে।

(৬) যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বার বার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।

(৭) খাওয়ার সময় শারীরিক দূরত্ব (নূন্যতম তিন ফুট) বজায় রাখতে হবে।

(৮) প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দ্বারা জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে হবে।

(৯) অফিসসমূহে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।

(১০) কর্মস্থলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।

(১১) কর্মকর্তা/কর্মচারীদের করোনা (COVID-19) প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দিতে হবে এবং তারা স্বাস্থ্যবিধিসমূহ মেনে চলছে কিনা তা মনিটরিং করতে হবে। ভিজিলেন্স টিম এর মাধ্যমে মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে হবে।

(১২) দৃশ্যমান একাধিক স্থানে ছবিসহ স্বাস্থ্য সুরক্ষা নির্দেশনা ঝুলিয়ে রাখতে হবে।

(১৩) কোন কর্মচারীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে আইসোলেশন/কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করতে হবে।